

অধিকাংশ দাবী পূরণ

কলেজ শিক্ষক সমিতির কর্মসূচী স্থগিত

শিক্ষামন্ত্রীর সঙ্গে আলোচনার পরিপ্রেক্ষিতে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি (বাকশিস) তাঁদের কর্মসূচী স্থগিত ঘোষণা করেছেন।

রোববার এক তথ্য ক্রিয়ণীতে কলা হয়, শিক্ষামন্ত্রী জনাব শমসুল হুদা জেবরী বাকশিস প্রতিনিধিদের জানান যে তাঁদের অধিকাংশ দাবীই ইতিমধ্যে পূরণ করা হয়েছে, যথা: (১) শিক্ষক নিয়ন্ত্রিত ক্ষেত্রে অনার্স ডিগ্রীর শর্ত ইতিমধ্যে সাময়িকভাবে শিথিল করা হয়েছে, (২) বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠান স্বীকৃতির তারিখ অথবা সমাপনী পরীক্ষার

অংশ গৃহণের অন্তিম প্রদানের তারিখ হতে সশ্রুটি শিক্ষকদের কর্মকাল গণনা করে বেতন বাবদ সরকারী অনুদান ও ভাতা প্রদানের নির্দেশও জারি করা হয়েছে। (৩) শিক্ষকদের ৬ মাস পর্যন্ত কর্ম-বিক্রীকাল প্রমার্জন করে উক্ত সময় চাকরিকালের সঙ্গে যুক্ত গণ্য করা হয়েছে এবং এভাবে নিরূপিত চাকরির দৈর্ঘ্যের আলোকে তাদের বেতন ও ভাতা বাবদ সরকারী অনুদান দেয়া হচ্ছে। (৪) প্রতি তিন মাস অন্তরের পরিবর্তে মাসিক পেমেন্ট অর্ডার-এর মাধ্যমে (৫-এর পৃঃ দঃ)

কর্মসূচী স্থগিত

(১-এর পৃঃ পর)

প্রতি মাস অন্তর বেসরকারী শিক্ষকদেরকে প্রযোজ্য বেতন ও ভাতা বাবদ সরকারী অনুদান প্রদানের ব্যবস্থাও গৃহীত হয়েছে। ঢাকা বিভাগের বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানের ক্ষেত্রে এ ব্যবস্থা বর্তমান বৎসরের ডিসেম্বর মাস হতে কার্যকর হবে। এর অব্যবহিত পরেই পর্যায়ক্রমে অন্যান্য বিভাগের শিক্ষাপ্রতিষ্ঠানের ক্ষেত্রে অনু-রূপ ব্যবস্থা চালু করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

শিক্ষামন্ত্রীর দফতরে বাকশিসের নেতৃস্থানীয় প্রতিনিধিদের সঙ্গে রোববার অনুষ্ঠিত এ আলোচনা-কালে শিক্ষামন্ত্রী এই মর্মে আশ্বাস দেন, প্রভাষক ও সহকারী অধ্যাপকদের মধ্যে ৬:৩ অনুপাতগত বিধিনিষেধের কারণে ৮ বৎসর ও তদ্ব্যবর্তী অধিকতরসম্পন্ন বেসরকারী শিক্ষক ১৪০০/- টাকার স্কেল পাচ্ছেন না, তাঁদের ক্ষেত্রে ১৪০০/- টাকার স্কেল প্রাপ্তিতে ভবিষ্যতে অন্তরায় থাকবে না। এছাড়া বাকশিসের অন্যান্য বর্তমান সংগত দাবীগুলোও পরীক্ষা করে দেখা হবে বলে মন্ত্রী আশ্বাস দেন।

এ হৃদয়পূর্ণ আলোচনার পরিপ্রেক্ষিতে কলেজ শিক্ষক সমিতির প্রতিনিধিবৃন্দ তাঁদের দাবী আদায়ের লক্ষ্যে গৃহীত বর্তমান কর্মসূচী আপাততঃ স্থগিত রাখার সিদ্ধান্ত ঘোষণা করেন।

আলোচনার অন্তিমার্গে মধ্যে উপস্থিত ছিলেন বাকশিস সভাপতি অধ্যক্ষ এ কে এম শহীদুল্লাহ, সাধারণ সম্পাদক অধ্যক্ষ মনির আহমদ, দফতর সম্পাদক অধ্যাপক আসাদুল হক এবং সরকারী কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক এ কে এম আলী রেজা ও মন্ত্রণা সম্পাদক অধ্যাপক জনাব আলী এবং বাকশিস ঢাকা জেলা শাখার সভাপতি অধ্যক্ষ মোঃ বদিউজ্জামান ও সাধারণ সম্পাদক অধ্যাপক আবদুর রব মিয়া।